নবম ও দশম শ্রেণি

বাংলা ২য়পত্র

**৩য় অধ্যায় - ৪র্থ পরিচ্ছেদ: বচন**

১.অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ কোনগুলো?
ক) দাম, নিকর, রাশি খ) কুল, সকল, সব
গ) গণ, বৃন্দ, বর্গ ঘ) গুলি, গুলা, গুলো

২.'রবীন্দ্রনাথরা প্রতিদিন জন্মান না' - এটি কোন নিয়মে বহুবচন হয়েছে?
ক) বিভক্তিযোগে খ) বিশেষ নিয়মে
গ) দ্বিত্ব প্রয়োগে ঘ) প্রত্যয়যোগে

৩. কেবল জন্তুর বহুবচনে কোন শব্দটি বসে?
ক) বর্গ খ) দাম
গ) পুঞ্জ ঘ) যূথ

৪.যে শব্দ দ্বারা কোন প্রাণী, বস্তু বা ব্যক্তির একের অধিক অর্থাৎ বহু সংখ্যার ধারণা হয় তাকে --- বলে।
ক) একবচন খ) বহুবচন
গ) প্রাণিবাচক বহুবচন ঘ) বাংলায় বহুবচন

৫.কোনটি একবচনের উদাহরণ?
ক) মানুষ মরণশীল খ) শিক্ষক ছাত্র পড়াচ্ছেন
গ) লোকে বলে ঘ) বনে বাঘ থাকে

৬.'কমল' শব্দটির শেষে কোন বহুবচনবোধক শব্দটি বসবে?
ক) নিচয় খ) আবলি
গ) নিকর ঘ) রাজি

৭.কেবল অপ্রাণিবাচক বহুবচনের প্রত্যয় কোনটি?
ক) কুল খ) মালা
গ) সমাজ ঘ) মন্ডলী

৮.সমষ্টিবোধক শব্দগুলোর বেশির ভাগই কোন ভাষা থেকে এসেছে?
ক) হিন্দি খ) প্রাকৃত
গ) সংস্কৃত ঘ) খাঁটি বাংলা

৯.'রচনা' শব্দটির বহুবচন কোনটি?
ক) রচনাবৃন্দ খ) রচনারাজি
গ) রচনাবলি ঘ) রচনাসকল

১০.অপ্রাণিবাচক বিশেষ্যে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ কোনগুলো?
ক) পাল, যূথ খ) সকল, সমূহ
গ) গন, বৃন্দ ঘ) রাশি, রাজি

১১.ইতর প্রাণিবাচক শব্দের বহুবচনে কোন শব্দ যুক্ত হয়?
ক) রাশি খ) বর্গ
গ) গুচ্ছ ঘ) গুলো

১২.'হস্তি' - এর সাথে কোন বহুবচন প্রত্যয় যুক্ত হবে?
ক) নিকর খ) আবলি
গ) রা ঘ) যূথ

১৩.বিশেষ নিয়মে সাধিত 'বহুবচন' নিচের কোন বাক্যটিকে নির্দেশ করে?
ক) পোকার আক্রমণে ফসল নষ্ট হয়
খ) ঘরে বহু মেহমান এসেছে
গ) সকলে সব জানে না
ঘ) মানুষেরা মরণশীল

১৪.বচন অর্থ কী?
ক) সংখ্যার ধারণা খ) গণনার ধারণা
গ) ক্রমের ধারণা ঘ) পরিমাণের ধারণা

১৫.কোনটি একবচন বুঝায়?
ক) লোকে বলে খ) মাঠে মাঠে ধান
গ) শুনবে যদি গল্পটি ঘ) বনে বাঘ আছে

১৬.প্রাণিবাচক বহুবচন কোনটি?
ক) মেঘমালা খ) গল্পগুচ্ছ
গ) রচনাবলী ঘ) শিক্ষকবৃন্দ

১৭.'সাহেব' শব্দের বহুবচন কোনটি?
ক) সাহেবা খ) সাহেবকুল
গ) সাহেবগণ ঘ) সাহেবান

১৮.বিশেষ নিয়মে বহুবচন সাধিত হয়েছে কোনটিতে?
ক) রবীন্দ্রনাথরা প্রতিদিন জন্মায় না খ) লাল লাল ফুল
গ) বড় বড় মাঠ ঘ) অজস্র লোক
সঠিক উত্তর: (ক)

১৯.নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচন?
ক) এটাই করিমদের বাড়ি খ) সিংহ বনে থাকে
গ) বড় বড় মাঠ ঘ) পাখি সব করে রব

২০.অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগে কী সাধিত হয়?
ক) বহুবচন খ) একবচন
গ) সন্ধি ঘ) লিঙ্গ

২১.'পর্বত' শব্দের বহুবচন -
ক) পর্বতগুচ্ছ খ) পর্বতমালা
গ) পর্বতপুঞ্জ ঘ) পর্বতসমূহ

২২.নিচের কোনটি বিদেশি মূল ভাষার অনুসরণে বহুবচন করা হয়েছে?

ক) আলেমদল	খ) শিক্ষকবৃন্দ
গ) কুসুমনিচয়	ঘ) সাহেবান

২৩.কোন বাক্যে বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগে বহুবচন হয়েছে?
ক) অজস্র লোক	খ) লাল লাল ফুল
গ) দেখে দেখে যেও	ঘ) বাগানে ফুল ফুটেছে

২৪.'ঊর্মি' শব্দের সঙ্গে কোনটি যুক্ত করলে এর বহুবচন সাধিত হয়?
ক) গুলো	খ) রাজি
গ) মালা	ঘ) রাশি

২৫.কোনটি সঠিক বহুবচনবোধক শব্দের উদাহরণ?
ক) মনুষ্যযূথ	খ) পক্ষীবৃন্দ
গ) জলরাজি	ঘ) মাতৃকুল

২৬.প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়
ক) সকল	খ) আবলি
গ) গুচ্ছ	ঘ) বৃন্দ

২৭.কোন বহুবচনবোধক শব্দগুলি প্রাণী বা অপ্রাণিবাচকের বেলায় ব্যবহৃত হয়?
ক) মন্ডলী, বর্গ	খ) গণ, বৃন্দ
গ) নিচয়, মালা	ঘ) কুল, সব

২৮.কোনটি ভুল বাক্য?
ক) সব মানুষই মরণশীল	খ) মানুষ মরণশীল
গ) মানুষেরা মরণশীল	ঘ) সকল মানুষেরাই মরণশীল

২৯.কোনটি বিশেষ্য পদের একবচনরূপে ব্যবহৃত হয়েছে?
ক) বাগানে ফুল ফুটেছে	খ) মানুষ মরণশীল
গ) আকাশে চাঁদ উঠেছে	ঘ) বনে বাঘ আছে

৩০.অ-প্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচন বাচক শব্দ কোনগুলো?
ক) মালা, রাজি, রাশি	খ) গণ, বৃন্দ, বর্গ
গ) কূল, সকল, সব	ঘ) গুলি, গুলা, গুলো

৩১.কোন বহুবচনবোধক শব্দগুলো কেবল অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত হয়?
ক) কুল, সমূহ, বৃন্দ	খ) আবলি, পুঞ্জ, রাশি
গ) বর্গ, বৃন্দ, মালা	ঘ) রাজি, নিচয়, কুল

৩২.প্রাণী ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে কোনটি বসবে?
ক) বর্গ	খ) কুল
গ) পাল	ঘ) মালা

৩৩.নিচের কোন শব্দে বহুবচনের ঠিক প্রয়োগ হয় নি?
ক) তারকারাশি	খ) মেঘপুঞ্জ
গ) কমলনিকর	ঘ) কুসুমদাম

৩৪.উন্নত প্রাণিবাচক 'মনুষ্য' শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ কোনগুলো?
ক) বৃন্দ, মন্ডলী	খ) কুল, সকল
গ) মালা, রাজি	ঘ) গুলা, রা

৩৫.নিম্নের কোনটি বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগে বহুবচন সাধিত হয়েছে?
ক) হাঁড়ি হাঁড়ি সন্দেশ	খ) বাগানে ফুল ফুটেছে
গ) অঢেল টাকা পয়সা	ঘ) অজস্র লোক

৩৬.কেবল বিশেষ অর্থ প্রকাশে কোন বিশেষ্যের বহুবচন হয়?
ক) গুণবাচক	খ) ভাববাচক
গ) সমষ্টিবাচক	ঘ) সংজ্ঞাবাচক

৩৭.কোন বহুবচনগুলো সঠিক?
ক) তরুরাজি, পুষ্পদাম	খ) মানুষগণ, মানুষবৃন্দ
গ) সভ্যসকল, সভ্যসমূহ	ঘ) ছাত্রীনিচয়, শিক্ষকবৃন্দ

৩৮.কেবল জন্তুর ক্ষেত্রে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ কোনগুলো?
ক) পাল ও পুঞ্জ	খ) যূথ ও মালা
গ) পাল ও যূথ	ঘ) নিকর ও রাজি

৩৯.'বৃন্দ' - এর সঠিক প্রয়োগ হবে কোনটিতে?
ক) পক্ষী	খ) টাকা
গ) ছাত্র	ঘ) পর্বত

৪০.'শৈবাল' শব্দের সঙ্গে বহুবচনের কোন রূপটি মানানসই?
ক) নিকর	খ) মালা
গ) দাম	ঘ) রাজি

৪১.কী ভেদে বাংলায় ক্রিয়ার রূপের কোনো পরিবর্তন হয় না?
ক) বচনভেদে	খ) পুরুষভেদে
গ) বচন ও পুরুষভেদে	ঘ) কালভেদে

৪২.কোন বাক্যটির ব্যবহার সঠিক?
ক) সকল মানুষেরা মরণশীল
খ) জগতের সমস্ত শিশুরা নিষ্পাপ
গ) আজকাল অনেক গরুরপালগুলো মাঠে দেখা যায় না
ঘ) সকল মানুষ মরণশীল

৪৩.বচনবাচক শব্দের আগে কী বসে?
ক) গোটা	খ) খানা
গ) টুকু	ঘ) পাটি

৪৪.কোনটি শুদ্ধ বচনবোধক শব্দ?
ক) জনগণ	খ) হস্তিদাম
গ) ডাকাতবৃন্দ	ঘ) কুসুমাবলি

৪৫.ব্যাকরণের কোন কোন পদের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে?
ক) বিশেষ্য ও সর্বনাম পদ	খ) বিশেষ্য ও বিশেষণ পদ
গ) সর্বনাম ও ক্রিয়াপদ	ঘ) সর্বনাম ও বিশেষণ পদ

৪৬.কোন বহুবচনবাচক প্রত্যয়টি কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক) ফুল খ) দাম
গ) গুচ্ছ ঘ) বৃন্দ

৪৭.কোনটি একবচন বোঝায়?
ক) লোকে বলে খ) মাঠে মাঠে ধান
গ) শুনবে যদি গল্পটিঘ) পাখি সব করে রব

৪৮.কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক) বৃন্দ খ) কুল
গ) বর্গ ঘ) দাম

৪৯.'হস্তী' এর বহুবচন কী?
ক) হস্তিরা খ) হস্তির পাল
গ) হস্তির দল ঘ) হস্তিযূথ

৫০.'কুল' কোন শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক) প্রাণিবাচক খ) সমষ্টিবাচক
গ) ইতর প্রাণিবাচক ঘ) প্রাণী ও অপ্রাণিবাচক

৫১.কোনটি সঠিক বহুবচন?
ক) হস্তিযূথ খ) মন্ত্রিসকল
গ) তারকাবৃন্দ ঘ) কবিতারাজি

৫২.নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহু বচন?
ক) লাল লাল ফুল
খ) বাজারে লোক জমেছে
গ) এটাই করিমদের বাড়ি
ঘ) পোকার আক্রমণে ফসল নষ্ট হয়

৫৩.'বচন' ব্যাকরণের কী জাতীয় শব্দ?
ক) তৎসম খ) পারিভাষিক
গ) অর্ধ-তৎসম ঘ) বিদেশি

৫৪.কোনটি কেবল অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক) রা খ) বর্গ
গ) কূল ঘ) মালা

৫৫.'খানা' বচনবাচক প্রত্যয় শব্দের কোথায় বসে?
ক) আগে খ) পরে
গ) মাঝে ঘ) আগে ও মাঝে

৫৬.'পাল' ও 'যূথ' শব্দ দুটি কোথায় ব্যবহৃত হয়?
ক) উন্নত প্রাণীর বহুবচনে খ) জন্তুদের একবচনে
গ) অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ঘ) জন্তুর বহুবচনে

৫৭.কোনটি ভেদে ক্রিয়ার রূপের পার্থক্য হয় না?
ক) কালভেদে খ) পুরুষভেদে
গ) বচনভেদে ঘ) বাচ্যভেদে

৫৮.সর্বনামের বহুল বহুবচন কোনটি?
ক) তোমরা খ) ফুলদল
গ) মেঘমালা ঘ) দ্বীপপুঞ্জ

৫৯.কোনটি বিশেষ্য পদের একবচন রূপে ব্যবহৃত হয়েছে?
ক) বাগানে ফুল ফুটেছে খ) মানুষ মরণশীল
গ) আকাশে চাঁদ উঠেছে ঘ) বনে বাঘ আছে

৬০.কেবল ইতর প্রাণীর ক্ষেত্রে ব্যবহৃত হয় এমন বহুবচনবোধক শব্দ কোনগুলো?
ক) রাজি, রাশি খ) কূল, বৃন্দ
গ) সব, সমূহ ঘ) পাল, যূথ

৬১.কোন বাক্যটি শুদ্ধ?
ক) একদিন বাংলার সকল ঘরে ঘরে সুখ ছিল
খ) হেথা গাঁয়ে আমাদের মায়েদের হাট
গ) সকল ছাত্র-ছাত্রীগণ আজ সভায় উপস্থিত
ঘ) মেঘনিচয় আকাশে ভেসে বেড়াচ্ছে

৬২.নিচের কোন শব্দটির সাথে 'মন্ডলী' ব্যবহৃত হয়?
ক) পাখি খ) বৃক্ষ
গ) শিক্ষক ঘ) পর্বত

৬৩.কোন বহুবচনবোধক শব্দটি শুধু বস্তুর ক্ষেত্রে ব্যবহৃত হয়?
ক) নিকর খ) দাম
গ) পাল ঘ) পালা

৬৪.সমষ্টিবাচক শব্দগুলোর বেশির ভাগই কোন ভাষা থেকে এসেছে?
ক) হিন্দি খ) প্রাকৃত
গ) সংস্কৃত ঘ) খাঁটি বাংলা

৬৫.কোন দুটি পদের বচনভেদ হয়?
ক) বিশেষ্য ও সর্বনাম খ) বিশেষ্য ও বিশেষণ
গ) সর্বনাম ও ক্রিয়া ঘ) ক্রিয়া ও অব্যয়

৬৬.'কুসুম' - শব্দটির শেষে কোন বহুবচনবোধক শব্দটি বসবে?
ক) নিচয় খ) নিকর
গ) মালা ঘ) রাজি

৬৭.একবচন ও বহুবচন ভেদে বিভক্তিগুলোর কী ধরনের পার্থক্য দেখা যায়?
ক) উচ্চারণগত খ) অর্থগত
গ) অবস্থানগত ঘ) আকৃতিগত

৬৮.কেবল অপ্রানিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ কোনটি?
ক) কুল খ) বর্গ
গ) রাজি ঘ) সব